

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং- ০৫

তারিখঃ ৩ জুলাই, ২০১২
১৯ আষাঢ়, ১৪১৯

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বিবরণী প্রেরণে বিলম্ব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২৭ মার্চ, ২০০১ তারিখের এফআইডি সার্কুলার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

পরিলক্ষিত হচ্ছে যে, কতিপয় আর্থিক প্রতিষ্ঠান দাখিলতব্য বিবরণীসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে নিয়মিতভাবে দাখিল করছে না। আর্থিক প্রতিষ্ঠানসমূহের তদারকি কার্যক্রম নিশ্চিত করার লক্ষ্যে এখন থেকে চাহিদাকৃত যে কোন বিবরণী নির্দেশিত পদ্ধতিতে নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ৪২ নং ধারার আওতায় প্রতিদিনের বিলম্বের জন্য ৫,০০০(পাঁচ হাজার) টাকা হারে অর্ধদণ্ড আরোপ করা হবে। বিবরণী দাখিলের নির্ধারিত সময়সীমার পর ৭(সাত) দিন (ছুটির দিনসহ) অতিক্রান্ত হলে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান উক্ত আইনের ৪২ নং ধারায় বর্ণিত সর্বোচ্চ অর্থ দণ্ডে দণ্ডিত হবে।

অত্র সার্কুলার জারির তারিখ হতে ২৭ মার্চ, ২০০১ তারিখে জারিকৃত এফআইডি সার্কুলার নং-০২ বাতিল বলে গণ্য হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,
স্বা/-
(মোঃ সোহরাওয়ার্দী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৬২